

**আজ ঢাকা ভাসিটি
অনার্সে ভর্তি
পরীক্ষা**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার: আজ
বৃহস্পতিবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়
প্রথম বর্ষ অনার্স ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে।
পরীক্ষার্থী ৪৮ টি ইউনিটের মাধ্যমে ভর্তি
পরীক্ষা অনুষ্ঠিত হবে। আজ অনুষ্ঠিত
হবে 'গ' বিভাগের স্টাডিজ। অনুষদের
ভর্তি পরীক্ষা।
(৮-এর পৃঃ ৪-এর কঃ ৫৪)

আজ ঢাকা ভাসিটি
(প্রথম পৃষ্ঠার পর)

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি
পরীক্ষাগুলোকে দুর্নীতি ও অসুস্থ
করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের কোমিশ্যাক-
কে প্রধান করে একটি উচ্চ পর্যায়ের
কমিটি গঠন করা হয়েছে।

ক, য, গ, এবং ঘ এই ৪ টি
ইউনিটের অধীনে ৫৮ হাজার ৯৬৬ জন
পরীক্ষার্থী অংশগ্রহণ করছেন। ৪ টি
ইউনিটে সব মিলিয়ে আসন রয়েছে তিন
হাজার ৭৫২ টি। এদের কর্তৃপক্ষ শতকরা
১০ ভাগ বেশী আসন ভর্তি করবে বলে
জানা গেছে। প্রতিটি সীটের জন্য গড়ে ১৫
জন প্রার্থী ভর্তি পরীক্ষা দিচ্ছে।

আজ 'গ' ইউনিটের পরীক্ষা সকাল
১০টা থেকে ১১টা পর্যন্ত ঢাকা বিশ্ব-
বিদ্যালয়ের বিভিন্ন ভবনে অনুষ্ঠিত হবে।
'গ' ইউনিটের ৫৮০ টি সীটের ভর্তির
জন্য ৯ হাজার ৯৬০ জন পরীক্ষার্থী
ভর্তি পরীক্ষা দেবেন।

**আগামী কাল 'ঘ'
ইউনিটের পরীক্ষা**

আগামী শুক্রবার 'ঘ' (সমন্বিত)
ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই
ইউনিটের সীট সংখ্যা রয়েছে ৬৭।
পরীক্ষার্থীর সংখ্যা ১৪৬৭২।
এছাড়া ১৭ মে 'খ' ইউনিটের
পরীক্ষা এবং ২১ মে অনুষ্ঠিত হবে 'ক'
ইউনিটের পরীক্ষা।